Series : 2LKNM

SET ~ 4

প্রশ্নপত্র কোড
Q.P. Code **07**

রোল নং
**Roll No.**

প্রার্থীরা উত্তরপত্রের আখ্যাপত্রে অবশ্যই প্রশ্নপত্র কোড লিখবে।
Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

**দ্রষ্টব্য / NOTE :**

(I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।

Please check that this question paper contains **15** printed pages.

(II) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।

Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.

(III) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।

Please check that this question paper contains **16** questions.

(IV) **প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।**

**Please write down the serial number of the question in the answer-book at the given place before attempting it.**

(V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period. {}

# বাংলা

# BENGALI

*সময়: 3 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক: 80*

*Time allowed : **3** hours* | *Maximum Marks : **80***

**General Instructions :**

সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রে **১৫টি** মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. The question paper contains **16** questions.
   প্রশ্নপত্রে **১৬টি** প্রশ্ন আছে।

3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি দুটি ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – I** | : Objective type questions (MCQ) | : **25 marks** |
| ভাগ – **I** | : নৈর্বক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক) | : **২৫ নম্বর** |
| **PART – II** | : Descriptive type question | : **55 marks** |
| ভাগ – **II** | : বর্ণনামূলক প্রশ্ন | : **৫৫ নম্বর** |

4. **Part – I** has **three** sections
   ভাগ – **I**-এ **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – A** | : Reading (Unseen Comprehension) | : **12 Marks** |
| বিভাগ – **A** | : পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) | : **১২ নম্বর** |
| **Section – B** | : Grammar | : **03 Marks** |
| বিভাগ – **B** | : ব্যাকরণ | : **০৩ নম্বর** |
| **Section – C** | : Main Course Book & Supplementary Reader | : **10 Marks** |
| বিভাগ – **C** | : মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ | : **১০ নম্বর** |

5. **Part – II** has **three** sections :
   ভাগ – **II** -এ **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – B** | : Grammar | : **10 Marks** |
| বিভাগ - **B** | : ব্যাকরণ | : **১০ নম্বর** |
| **Section – C** | : Main Course Book | : **33 Marks** |
| বিভাগ – **C** | : মূল পাঠ্য পুস্তক | : **৩৩ নম্বর** |
| **Section – D** | : Creative Writing | : **12 Marks** |
| বিভাগ – **D** | : সৃজনাত্মক লিখন | : **১২ নম্বর** |

## ভাগ – I : নৈর্বক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক প্রশ্ন)

## PART – I : Objective Type Question (MCQ) (25 marks)

### বিভাগ – A (পঠন)

### SECTION – A (READING)

### (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ)

### (Unseen Comprehension)

1. নীচের তিনটি গদ্যাংশ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।

(A) রেললাইন বরাবর ডিমরা থেকে ফিরছিল ওঁরাও যুবক বুধাই। যাবে বারলাঙ্গায়। সেখানেই তার বাড়ি। ডিমরায় তার দিদির বাড়ি। দু'দিনের জন্যে বেড়াতে এসেছিল। মাঝে মাঝে আসে। **(4×1 = 4)**

ট্রেনে ফেরার কথা বুধাই-এর। কিন্তু ট্রেন ধরতে পারেনি। স্টেশনে আসতে পথে ঝড়-বৃষ্টিতে কিছুক্ষণ আটকে পড়েছিল। ঝড়-বৃষ্ঠি থামতে হন্তদন্ত হয়ে এসেছিল সোনডিমরা স্টেশনে।

স্টেশনে ঢুকেছে যখন, তখনো ট্রেন প্ল্যাটফর্মে দাঁড়িয়ে। কিন্তু টিকিট কেটে প্ল্যাটফর্মে ঢোকার মুখে ট্রেন ছেড়ে দিল। তাও ছুটে গিয়ে যে কোনো কামরায় উঠতে পারতো, কিন্তু ছুটে যেতেই বাধা। একজন মিশমিশে কালো হোঁত্‌কা গোছের লোকের সঙ্গে ধাক্কা লাগাতেই বিপত্তি। তবু রক্ষে, মেঠাই-এর হাঁড়িটা ভেঙেচুরে যায়নি।

সামান্য সময়। মিনিটের ভগ্নাংশ। তার মধ্যেই যা কিছু হবার হয়ে গেল। বুধাই-এর চোখের সামনে ট্রেন প্ল্যাটফর্ম ছেড়ে বেরিয়ে গেল। তবু ছুটে ট্রেন ধরতে চেষ্টা করেছিল সে। কিন্তু পারেনি।

একবার ভেবেছিল দিদির বাড়ি ফিরে যাবে। কিন্তু ফিরলো না। বাড়িতে বলা আছে আজ ফিরবে, সুতরাং ফিরতেই হবে।

সোনডিমরা স্টেশন থেকে বারলাঙ্গা স্টেশনের দুরত্ব মাইল পাঁচেক। গ্রাম ওখান থেকে কাছেই।

রেললাইন বরাবর কাঠের স্লিপারে পা ফেলে জোর কদমে হাঁটলে ঘণ্টা দুয়েকের মধ্যে পৌছে যাবে। এই তো সবে সন্ধ্যে হয়েছে, সুতরাং চিন্তা কি। তারপর আকাশও এখন মোটামুটি পরিষ্কার। শুক্লপক্ষের চাঁদও দেখা দিয়েছে।

বুধাই ছোটবেলা থেকে একরোখা স্বভাবের। যা ভাববে তা করবে। বাড়ি ফিরবে বলে হাঁটতে আরম্ভ করেছে রেললাইন ধরে। মেঠাই-এর হাঁড়িটা হাতে নিয়ে দ্রুত চলায় অসুবিধে, তাই হাঁড়িটা গামছায় বেঁধে কাঁধে ঝুলিয়ে নিয়েছে। হাত দুটো ভাঁজ করে দোলাতে পারলে পথ চলায় সুবিধে।

ডিমরায় আজ নতুন আসেনি বুধাই। প্রায়ই আসে। দিদির শ্বশুরবাড়ি বলে নয়, মাঝে মাঝে ওখানকার হাটেও আসতে হয়। এবং সব সময়ে ট্রেনে যাওয়া-আসা করে এমন নয়, হেঁটেও যাতায়াত করে। পাঁচ-সাত মাইল হাঁটাটা এমন কিছু ব্যাপার নয়। তবে এ-পথে, যেই হোক, দিনে দিনেই আসা-যাওয়া করে। তবে সঙ্গী-সাথী থাকলে আলাদা কথা। সন্ধ্যের পর এ-পথে সাধারণত কেউ একা চেলাফেরা করে না, নেহাৎ বেকায়দায় না পড়লে।

(I) বুধাই ডিমরায় কী উদ্দেশ্যে এসেছিল ?

(A) শ্বশুরবাড়ি বেড়াতে (B) দিদির বাড়ি বেড়াতে
(C) মিঠাই কিনতে (D) হাট করতে

(II) প্ল্যাটফর্মে টোকার পরেও চলন্ত গাড়িতে উঠতে চাইলেও উঠতে পারল না। কারণ –

**কারণ (ক) :** প্রচণ্ড জোরে ঝড় বৃষ্টি শুরু হলো।

**কারণ (খ) :** একটা হোঁত্‌কা লোকের সঙ্গে ধাক্কা লাগল।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।
(B) কারণ (ক) ভুল, (খ) ঠিক।
(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।
(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

(III) প্রদত্ত অনুচ্ছেদটিতে বারলাঙ্গা স্টেশনে পৌঁছানোর বর্ণনায় দিনের কোন সময়ের কণা বলা হয়েছে?

(A) ভোর (B) দুপুর
(C) সন্ধ্যে (D) রাত্রি

(IV) ‘একরোখা’ বলতে বোঝায় –

(A) নিষ্ঠুর (B) কোমল
(C) চতুর (D) জেদী

(B) লিসেস্টারে রয়াল আর্মির দপ্তরে বসে হিসেব কষছিলো লেফটেনেন্ট ক্লিফটন জেমস। জেমস অভিনেতা। মস্ত বড় না হলেও গত পঁচিশ বছর ধরে অভিনয় করছে। শিল্পী হিসেবে একটু আধটু নামও আছে। তবে তেমন বড় রোল কখনও পায়নি। যুদ্ধ শুরু হলে সকলের মতো সে সেনাবাহিনীতে যোগ দিয়েছিলো। কিন্তু তাকে লড়াই করতে না পাঠিয়ে এই অফিসে পাঠিয়ে দেওয়া হয়েছে। সৈন্যদের মাইনে থেকে আরম্ভ করে যুদ্ধের অন্যসব খরচ-টরচের হিসেব কষতে কষতে বিরক্ত হয়ে উঠেছে লেঃ জেমস। না হয় তার একটু বয়েস হয়েছে - তাই বলে সে যুদ্ধ করতে পারবে না ? সেখানে মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে থাকলেও উত্তেজনা তো আছে। আর এখানে বসে বসে শুধু হিসেব কষা, আর বিমান আক্রমণ হলে মাথা বাঁচাতে ছোটা। রীতিমতো হাঁপিয়ে উঠেছে লেঃ জেমস। কিন্তু উপায় তো নেই। যুদ্ধ বলে কথা। সে যে একজন অভিনেতা এ কথাটা এখানে বোধহয় কারো মনেও নেই। থাকবে কি করে, দেশের এই ভয়ঙ্কর বিপদের দিনে সকলে যে শুধু দেশের কথাই ভাবছে। ব্যক্তিগত সুখ-দুঃখ কিংবা সাধ-আহ্লাদ নিয়ে এখন আর কেউ মাথা ঘামাচ্ছে না। সকলের চোখের সামনে হিটলার এখন দৈত্যের মতো নাচছেন। তাঁর পাঠানো জঙ্গি বিমানগুলোর বোমা লন্ডন শহরটাকে প্রায় শেষ করে এনেছে। রোজ কত বাড়ি-ঘর-দোর যে ভাঙছে, কত লোক যে মরছে তার কোনো হিসেব নেই। জেমসকে ক্ষয়-ক্ষতির হিসেবও রাখতে হচ্ছে। আর ঝামেলাটা তো সেখানেই। অঙ্কে ওর তেমন মাথা নেই। কোনোদিনই ভালো লাগে না। তবু তাকে সারাদিন বসে বসে শুধু হিসেবই কষতে হচ্ছে। **4×1 = 4**

সেদিন জেমস নিজের মনে কাজ করছিলো, হঠাৎ টেলিফোনটা ঝনঝনিয়ে বেজে উঠলো। রিসিভারটা তুলে নিয়ে বললো, লেঃ জেমস.....

ওদিক থেকে ভেসে এলো মিষ্টি গলার স্বর, কর্নেল নিভেন বলছি সদর দপ্তর থেকে।

জেমসের বুঝতে অসুবিধে হলো না, সিনেমার ডাকসাইটে স্টার ডেভিড নিভেন কথা বলছেন। ওঁর গলা এত পরিচিত যে কারোরই চিনতে ভুল হয় না। ডেভিড নিভেনও জেমসের মতো যুদ্ধে যোগ দিয়েছেন। জেমস উদ্‌গ্রীব হয়ে উঠলো কর্নেল নিভেন কি বলেন শোনার জন্যে।

তোমার জন্যে একটা ভালো খবর আছে জেমস। তুমি কি কয়েকটা আর্মি ফিল্মে অভিনয় করতে চাও ?

নিশ্চয়ই চাই স্যার.......

গুড...... তাহলে তোমাকে একবার লন্ডনে আসতে হবে।

(I) লেফটেনেন্ট ক্লিফটন জেমস - এর সবচেয়ে পছন্দের বিষয় কী ছিল ?

(A) যুদ্ধ করা (B) অভিনয় করা

(C) হিসেব দেখা (D) অঙ্ক করা

(II) প্রদত্ত বিবৃতি দুটি পড়ে সঠিক উত্তর নির্বাচন করো :

**বিবৃতি-১ :** সেনাবাহিনীর সমস্ত খরচের হিসেব রাখায় জেমস উৎসাহ বোধ করতেন না।

**বিবৃতি-২ :** যুদ্ধক্ষেত্রে মৃত্যুর মুখোমুখি দাঁড়ানোর উত্তেজনা তাঁর কাছে অধিক আগ্রহের বিষয় ছিল।

সঠিক বিকল্প কোনটি ?

(A) বিবৃতি-১ ঠিক, বিবৃতি ২ ভুল।

(B) বিবৃতি-১ ভুল, বিবৃতি ২ ঠিক।

(C) বিবৃতি-১ এবং ২ দুটোই ঠিক।

(D) বিবৃতি-১ এবং ২ দুটোই ভুল।

(III) হঠাৎ জেমসের কাছে কোন ভালো খবর এলো ?

(A) তিনি ফিল্মে অভিনয় করার প্রস্তাব পেলেন।

(B) তিনি যুদ্ধক্ষেত্রে গিয়ে শত্রুর সাথে মোকাবিলা করার সুযোগ পেলেন।

(C) তিনি সেনাবাহিনীতে যোগ দেওয়ার সুযোগ পেলেন।

(D) তিনি সেনাবাহিনীর অফিসে বসে খরচপত্র হিসেব করার সুযোগ পেলেন।

(IV) 'ভয়ঙ্কর' শব্দটির সন্ধি বিচ্ছেদের সঠিক রূপ কোনটি ?

(A) ভয়ং + কর (B) ভয়ম্ + কর

(C) ভয়ন্ + কর (D) ভয়ঙ + কর

(C) আমরা এ পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছি একটা উদ্দেশ্য সাধনের নিমিত্ত - একটা বাণী প্রচারের জন্য। আলোকে জগৎ উদ্ভাসিত করিবার জন্য যদি গগনে সূর্য উদিত হয়, গন্ধ বিতরণের উদ্দেশ্যে বনমধ্যে কুসুমরাজি যদি বিকশিত হয়, অমৃতময় বারিদান করিতে তটিনী যদি সাগরাভিমুখে প্রবাহিত হয় - যৌবনের পূর্ণ আনন্দ ও ভরা প্রাণ লইয়া আমরাও মর্ত্যলোকে নামিয়াছি একটা সত্য প্রতিষ্ঠার জন্য। যে অজ্ঞাত গূঢ় উদ্দেশ্য আমাদের ব্যর্থ জীবনকে সার্থক করিয়া তোলে তাহা আবিষ্কার করিতে হইবে - ধ্যানের দ্বারা, কর্মজীবনের অভিজ্ঞতার দ্বারা। $4\times1 = 4$

যৌবনের পূর্ণ জোয়ারে আমরা ভাসিয়া আসিয়াছি। সকলকে আনন্দের আস্বাদ দিবার জন্য, কারণ আমরা আনন্দের স্বরূপ। আনন্দের মূর্ত বিগ্রহরূপে আমরা মর্তে বিচরণ করিব। নিজের আনন্দে আমরা হাসিব - সঙ্গে সঙ্গে জগৎকেও মাতাইব। আবার যেদিকে ফিরিব, নিরানন্দের অন্ধকার লজ্জায় পলায়ন করিবে, আমাদের প্রাণময় স্পর্শের প্রভাবে রোগ, শোক, তাপ দূর হইবে।

এই দুঃখসঙ্কুল, বেদনাপূর্ণ নরলোকে আমরা আনন্দ-সাগরের বান ডাকিয়া আনিব।

আশা, উৎসাহ, ত্যাগ ও বীর্য লইয়া আমরা আসিয়াছি। আমরা আসিয়াছি সৃষ্টি করিতে, কারণ-সৃষ্টির মধ্যেই আনন্দ। তনু, মন-প্রাণ বুদ্ধি ঢালিয়া দিয়া আমার সৃষ্টি করিব। নিজের মধ্যে যাহা কিছু সত্য, যাহা কিছু সুন্দর, যাহা কিছু শিব আছে তাহা আমরা সৃষ্ট পদার্থের মধ্যে ফুটাইয়া তুলিব। আত্মদানের মধ্যে যে আনন্দ সে আনন্দেই আমরা বিভোর হইব, সেই আনন্দের আস্বাদ পাইয়া পৃথিবীও ধন্য হইবে।

(I) গদ্যাংশটিতে 'আমরা' বলতে ভারতবর্ষের কোন শ্রেণীকে বোঝানো হয়েছে ?

(A) যুব সমাজ (B) শিক্ষিত সমাজ

(C) অনুন্নত সমাজ (D) আপামর জনগণ

(II) তরুণদের স্বপ্ন হল :

**বিবৃতি-১** : জ্ঞানোপার্জন করে পরিশ্রমের মাধ্যমে অর্থোপার্জন করা।

**বিবৃতি-২** : কর্মজীবনের অভিজ্ঞতার দ্বারা ব্যর্থ জীবনকে সার্থক করে তোলা।

নিম্ন প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) বিবৃতি-১ ভুল, বিবৃতি ২ ঠিক।

(B) বিবৃতি-১ ঠিক, বিবৃতি ২ ভুল।

(C) বিবৃতি-১ এবং ২ দুটোই ঠিক।

(D) বিবৃতি-১ এবং ২ দুটোই ভুল।

(III) তরুণদের কোন কর্মদানে পৃথিবী ধন্য হয়?

(A) বুদ্ধির অহংকারে (B) নৈরাশ্যের প্রকাশে

(C) নিরানন্দের বিকাশে (D) আত্মদানের আনন্দে

(IV) 'ফুটাইয়া' শব্দটি সঠিক চলিতরূপ কোনটি ?

(A) ফুটে (B) ফুটিয়ে

(C) ফুটেছে (D) ফুটল

## বিভাগ – B

## SECTION – B

(ব্যাকরণ)

**(Grammar)**

**(MCQ)**

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো : (যে কোনো **তিনটি**) (any **three**) **3 × 1 = 3**

(I) "যার যা দাবি তাকে তা পেতে দাও"

– বাক্যটিকে সাধুভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে –

(A) যার যা দাবি তাহাকে তাহা পাইতে দাও।

(B) যাহার যাহা দাবি তাহাকে তাহা পাইতে দাও।

(C) যাহার যাহা দাবি তাকে তা পাইতে দাও।

(D) যাহার যা দাবি তাহাকে তা পাইতে দাও।

(II) "তাহার এতবড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরিয়া ভুলিয়া যাই কেমন করিয়া ?" চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) তার এতো বড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরে ভুলিয়া যাই কেমন করিয়া ?

(B) তাহার এতবড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরিয়া ভুলে যাই কেমন করে ?

(C) তার এতবড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরে ভুলে যাই কেমন করে ?

(D) তাহার এতবড় স্বার্থত্যাগ আমি মানুষের দেহ ধরে ভুলে যাই কেমন করিয়া ?

(III) "কিন্তু কেবল চাইলেই তো মেলে না, পাবার উপায় করতে হয়" – সাধুরীতিতে বাক্যটির রূপ হবে –

(A) কিন্তু কেবল চাহিলেই তো মিলেনা, পাইবার উপায় করিতে হয়।

(B) কিন্তু কেবল চাইলেই তো মিলে না, পাইবার উপায় করিতে হয়।

(C) কিন্তু কেবল চাহিলেই তো মিলেনা, পাবার উপায় করিতে হয়।

(D) কিন্তু কেবল চাইলেই তো মিলে না, পাইবার উপায় করতে হয়।

(IV) "কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হউয়া উঠিল যে, তাহার আর সাহসে কুলাইল না" – চলিতভাষায় বাক্যটির সঠিক রূপ হবে –

(A) কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হইয়া উঠল যে, তার আর সাহসে কুলাল না।

(B) কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হয়ে উঠল যে তাহার আর সাহসে কুলাইল না।

(C) কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হয়ে উঠল যে, তার আর সাহসে কুলাইল না।

(D) কিন্তু ব্যাপার উত্তরোত্তর এমন হয়ে উঠল যে, তার আর সাহসে কুলাল না।

(V) "বাড়ি হইতে - কাহারও চিঠি পাইবামাত্র তাঁহাকে দেখাইতাম" – চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) বাড়ি থেকে কার ও চিঠি পাওয়ামাত্র তাঁকে দেখাতাম।

(B) বাড়ি হইতে কারও চিঠি পাওয়ামাত্র তাঁহাকে দেখাতাম।

(C) বাড়ি থেকে কাহারও চিঠি পাওয়ামাত্র তাঁকে দেখাইতাম।

(D) বাড়ি থেকে কারও চিঠি পাইবামাত্র তাঁহাকে দেখাতাম।

## বিভাগ – C

## SECTION – C

## (মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ / অননুপুঙ্খ পাঠ)

## (Main Course Book & Supplementary Reader / Non-detailed text) : (MCQ)

3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো।

(যে কোনো ছ'টি) **6 × 1 = 6**

(I) তপন 'সন্ধ্যাতারা' পত্রিকায় নিজের গল্পটি নুতন ভাবে দেখে কী স্থির করল ?

(A) সে আর গল্প নিখবে না।

(B) সে আর গল্প ছাপাবে না।

(C) সে আর অন্যের দয়ায় গল্প ছাপাতে যাবে না।

(D) সে মেসোর কাছে না গিয়ে অন্য কাউকে ধরে গল্প ছাপাতে দেবে।

(II) আলোবাবুর গায়ের রঙের সঙ্গে কীসের রঙের মিল ছিল ?

(A) তাঁর চুল দাড়ির
(B) তাঁর পরনের থানের
(C) তাঁর গায়ের চাদরের
(D) তাঁর হাতের থলিটির

(III) বহুরূপী বহুরূপ ধরে মানুষকে _______ পয়সা রোজগার করে।

(A) রাগিয়ে
(B) ঠকিয়ে
(C) আনন্দ দিয়ে
(D) ভয় দেখিয়ে

(IV) "এতে দুজনেরই ভয় কেটে গেল" – কোন দুজন ?

(A) অমৃতের ও মায়ের
(B) অমৃতের ও ইসাবের
(C) ইসাবের ও কালিয়ার
(D) কালিয়ার ও অমৃতের

(V) বাবার মারের হাত থেকে রক্ষা পাওয়ার সুবিধে ইসাবের ছিল না। কারণ –

**কারণ (ক)** : ইসাবের মা তার বাবার মতোই রাগী ছিলেন।

**কারণ (খ)** : অমৃতের মতো ইসাবের মা ছিলেন না যে তাকে বাঁচাবেন।

সঠিক বিকল্পটি নির্বাচন করো :

(A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।
(B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।
(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।
(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

(VI) "আলোবাবুর আরও পরিচয় পেলাম দিন কয়েক পর" – "আর ও পরিচয়" কী পেলেন ?

(A) সব অসহায় প্রাণীর উপরই তার সমান দরদ ছিল।
(B) কেবল জড়বস্তুর উপরই তার স্নেহের প্রকাশ ঘটত।
(C) তাঁর স্নেহের পরিধি প্রাণীজগৎ ছাড়িয়ে জড়বস্তু পর্যন্ত বিস্তৃত ছিল।
(D) আপাতদৃষ্টিতে তাকে দরদী, স্নেহশীল মনে হলেও আসলে তিনি নিষ্ঠুর ছিলেন।

(VII) 'মেজোকাকু বলেন', .... আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম। – কী থাকলে ?

(A) লেখক মেসো (B) গরমের ছুটি

(C) মামার বাড়ি (D) নির্জন ছাদ

(VIII) জগদীশবাবুর বাড়িতে হিমালয় থেকে আসা সন্ন্যাসীর কথা শুনে হরিদা আক্ষেপ করেন।

**কারণ (ক)** : তিনি সন্ন্যাসীর দর্শন লাভ থেকে বঞ্চিত হলেন।

**কারণ (খ)** : তিনি সন্ন্যাসীর পায়ের ধুলো নিয়ে ধন্য হওয়ার সুয়োগ পেলেন না।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো –

(A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

4. গল্পগুচ্ছ (পাঠ্য সংস্করণ) থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করো (যে কোনো চারটি / any **four**)। **4 × 1 = 4**

(I) রহমত চরিত্রের মধ্যে প্রধানতঃ কোন দিকটি প্রকাশ পেয়েছে ?

(A) সন্তান স্নেহ (B) অসহিষ্ণুতা

(C) লালসা (D) নিষ্ঠুরতা

(II) **বিবৃতি (১) :** কাবুলিওয়ালার কাছে মলিন কাগজটিতে তার মেয়ের পায়ের ছাপ ছিল।

**বিবৃতি (২) :** মিনির মা ছিলেন সন্দেহপ্রবণ ও ভীতু প্রকৃতির।

প্রদত্ত বিকল্পগুলি পড়ে বিকল্প উত্তরগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) বিবৃতি (১) ঠিক, বিবৃতি (২) ভুল

(B) বিবৃতি (১) ভুল, বিবৃতি (২) ঠিক

(C) বিবৃতি (১) এবং (২) দুটোই ঠিক

(D) বিবৃতি (১) এবং (২) দুটোই ভুল

(III) "তাহারা ভদ্রলোকের সহিত মিশিবার উপযুক্ত নহে।" কারা ?

(A) পোস্টঅফিসের অন্যান্য কর্মচারীরা (B) শহরের ছেলেরা

(C) কুঠির গোমস্তা এবং কর্মচারীরা (D) রতন ও তার পরিবার

(IV) বিবৃতি (১) : পোস্টমাস্টার তার মনের কথা রতনের কাছে উত্থাপন করতে অস্বস্তি বোধ করতেন।

বিবৃতি (২) : অসুস্থ পোস্টমাস্টারের রোগশয্যায় রতন তাঁর জননীর পদ অধিকার করে নিয়েছিল।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) বিবৃতি (১) ঠিক, বিবৃতি (২) ভুল

(B) বিবৃতি (১) ভুল, বিবৃতি (২) ঠিক

(C) বিবৃতি (১) এবং (২) দুটোই ঠিক

(D) বিবৃতি (১) এবং (২) দুটোই ভুল

(V) শশিভূষণ সরকারি খাজনা দিতে পারেননি কেন ?

(A) অর্থ সংগ্রহ করতে পারেন নি।

(B) তার স্ত্রী অর্থ নিজের কাছে লুকিয়ে রেখেছিল।

(C) ডাকাতরা টাকা লুট করে নেয়।

(D) রাধামুকুন্দ টাকা আত্মসাৎ করে।

(VI) "মরণ হইলেই ভালো হয়" – এটি কার উক্তি?

(A) রাধামুকুন্দ

(B) শশীভূষণ

(C) ব্রজ সুন্দরী

(D) রাসমনি

## ভাগ – II : বর্ণনামূলক প্রশ্ন

## PART – II : DESCRIPTIVE TYPE QUESTION (55 marks)

### বিভাগ – B : ব্যাকরণ (বিষয়গত)

### SECTION – B : Grammar (Subjective)

5. (A) সন্ধি-বিচ্ছেদ করো। যে কোনো **দুটি** (any **two**)। **2 × 1 = 2**

মুখচ্ছবি, তদনুযায়ী, সন্ন্যাসী, নিশ্চয়, ভাস্কর

(B) সন্ধিবদ্ধ পদটি লেখ। যে কোনো দু'টি (any **two**)। **2 × 1 = 2**

ভ্রাতুঃ + পুত্র; সম্ + বাদ; জগৎ + নাথ; মনঃ + তাপ

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। যে-কোনো **তিনটি** (any **three**)। **3 × 1 = 3**

(I) ভিক্ষান্ন গ্রহণ করে সন্ন্যাসী খুশি হলেন।

(II) অগ্রপশ্চাৎ না ভেবে চাকরিটা ছেড়ে দিলে।

(III) মেয়েটির কাজলকালো চোখের সৌন্দর্য অপরূপ।

(IV) উপদ্বীপের জনসংখ্যা খুব অল্প।

(V) পরীক্ষার দিনগুলি নির্বিঘ্নে কেটে গেল।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো। যে-কোনো **তিনটি** (any **three**)।

**3 × 1 = 3**

(I) ভাবিয়া চিন্তিয়া কাজ করিও, দুঃখ পাইবে না। (সরল বাক্যে)

(II) রঙ তার কালো, অথচ দেখতে সুপুরুষ। (জটিল বাক্যে)

(III) অপরাধ যখন করিয়াছ, তখন শাস্তি পাইবেই। (যৌগিক বাক্যে)

(IV) তিনি ক্রুদ্ধ হন বটে, কিন্তু সেই ক্রোধ অধিক্ষণ থাকে না। (সরল বাক্যে)

(V) অসুস্থতার জন্য গতকাল অনুপস্থিত ছিলাম (যৌগিক বাক্যে)

## বিভাগ – C

## SECTION – C

### (মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ/অননুপুঙ্খ পাঠ)

### (Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)

8. আলোবাবুর কোন অপরাধে তাকে হাসপাতালের চাকরি থেকে বিদায় করা হল? **1 × 2 = 2**

9. (a) "বুকের রক্ত ছলকে ওঠে তপনের" – তপনের এই উত্তেজনার কারণ বর্ণনা কর। **3**

   (b) "বাঃ, এতো বেশ মজার ব্যাপার" – কোন বিষয়টি লক্ষ্য করে বক্তার এটি মজার ব্যাপার বলে মনে হয়েছিল ? **3**

10. "মোটা মতন কিছু আদায় করে নেবো" – **2 + 3 = 5**

    (a) কে, কার কাছ থেকে কিছু আদায় করার কথা ভাবছে।

    (b) কোন পরিপ্রেক্ষিতে সে উপার্জনের কথা ভেবেছিল ?

    **অথবা/OR**

    "ওরা ভয়ে কাঠ হয়ে গেলো" –

    (a) কে, কী দেখে ভয়ে কাঠ হয়ে গেল ?

    (b) ভয়ে কাঠ হয়ে যাওয়ার কারণ কী ?

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো : **1 × 5 = 5**

    (a) "আমাদের শিশুদের শব
    ছড়ানো রয়েছে কাছে দূরে।"

    **অথবা/OR**

    (b) "সহজ করে বাঁচা কী আর খাঁচাতে সম্ভব"

12. "গান তো জানি একটা দু'টো
    আঁকড়ে ধরে সে খড় কুটো" **2 + 3 = 5**

    (a) এখানে কোন গানের কথা বলা হয়েছে ?

    (b) সেই গানকে খড়কুটোর সাথে তুলনা করা হয়েছে কেন ?

    **অথবা/OR**

    "জীবনের জন্য
    একসঙ্গে একাকারে ভরে নিই" –

    (a) একসঙ্গে একাকারে কী ভরে নিই ?

    (b) একাকারে ভরে নেওয়ার তাৎপর্য বিশ্লেষণ কর।

13. "ও ছেলেমানুষ, উহাকে মাপ করো" – **2 + 3 = 5**

(a) কে, কাকে একথা বলেছে ?

(b) 'উহাকে' কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? তাকে মাপ করার কারণ হিসেবে বক্তা কী বলেছেন ?

14. "এই নিতান্ত নিঃসঙ্গ প্রবাসে ঘন বর্ষায় রোগ কাতর শরীরে একটুখানি সেবা পাইতে ইচ্ছা করে" – **2 + 3 = 5**

(a) কে, কোথায় রোগাক্রান্ত হয়েছিল ?

(b) কে, কীভাবে তার সেবা করেছিল ?

**অথবা/OR**

"তখন বুঝিতে পারিলাম সেও যে, আমিও সে," –

(a) সে এবং 'আমি' বলতে কাকে বোঝানো হয়েছে।

(b) 'সে' ও 'আমির' এই মধ্যে এই অভেদ কল্পনার পিছনে বক্তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে।

## বিভাগ – D

## SECTION – D

## (সৃজনাত্মক লিখন)

## (Creative Writing)

15. নিম্নলিখিত **যে-কোনো একটি** (any **one**) বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। **6**

(I) বায়ু দূষণ ও আমাদের কর্তব্য

(II) খাদ্যে ভেজাল

(III) বর্ষার আনন্দ

16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে সম্পাদকের প্রতি পত্র রচনা করো। (শব্দ-সীমা অনধিক **১৫০**) **6**

(a) প্রতিদিনই জঙ্গলের গাছ কেটে সেই জায়গায় হোটেল তৈরি হচ্ছে। এই ভয়ানক পরিণতির কথা জানিয়ে সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখো।

**অথবা/OR**

(b) সরকারি হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা ও জনসুবিধাগত প্রয়োজনীয় উপকরণের অভাবের কথা জানিয়ে একজন সচেতন নাগরিক হিসেবে সংবাদপত্রের সম্পাদককে পত্র লেখ।